# YouTube & Google – Samim Sir

# Class 12 Bengali Semester – 3

## দিগ্বিজয়ের রূপকথা – নবনীতা দেবসেন

Samim Sir - 9733383763

**১। ‘দিগ্বিজয়ের রূপকথা’ কার লেখা ?**
(ক) সুনীল গঙ্গোপাধ্যায়
(খ) শঙ্খ ঘোষ
(গ) নবনীতা দেবসেন
(ঘ) তিলোত্তমা মজুমদার
**উত্তরঃ (গ) নবনীতা দেবসেন**

**২। ‘দিগ্বিজয়ের রূপকথা’ কোন্ কাব্যের অন্তর্গত ?**
(ক) ‘সারা পৃথিবীর কবিতা’
(খ) ‘স্বাগত দেবদূত’
(গ) ‘তুমি মনস্থির করো’
(ঘ) ‘রক্তে আমি রাজপুত্র’
**উত্তরঃ (ঘ) ‘রক্তে আমি রাজপুত্র’**

**৩। ‘দিগ্বিজয়ের রূপকথা’ কবিতাটি কোন্ ছন্দে রচিত ?**
(ক) মিশ্রবৃত্ত ছন্দে
(খ) ছড়ার ছন্দে
(গ) কলাবৃত্ত ছন্দে
(ঘ) অমিত্রাক্ষর ছন্দে।
**উত্তরঃ (ক) মিশ্রবৃত্ত ছন্দে**

**৪। “রক্তে আমি রাজপুত্র”- এখানে প্রকৃত অর্থে ‘আমি’ কে ?**
(ক) নারীজাগরণে প্রত্যয়ী স্বয়ং কবি
(খ) কোনো এক ঐতিহাসিক রাজা
(গ) কোনো এক পৌরাণিক রাজা
(ঘ) উপরোক্ত কোনোটিই নয়।
**উত্তরঃ (ক) নারীজাগরণে প্রত্যয়ী স্বয়ং কবি**

**৫। কবিতায় ব্যবহৃত 'রাজপুত্র' শব্দটির প্রতিশব্দ কোনটি?**
(ক) রাজকুমার
(খ) রাজর্ষি
(গ) সতীর্থ
(ঘ) উপরোক্ত কোনোটিই নয়।
**উত্তরঃ (ক) রাজকুমার**

**৬। "রক্তে আমি রাজপুত্র।"- এখানে 'রক্তে' অর্থে –**
(ক) জাতিতে
(খ) পারিবারিক সূত্রে
(গ) চারিত্রিক দৃঢ়তায়
(ঘ) বংশপরম্পরায়।
**উত্তরঃ (গ) চারিত্রিক দৃঢ়তায়**

**৭। "রক্তে আমি রাজপুত্র।"- রাজপুত্রের জননীকে নিম্নোক্ত কোন্ বিশেষণে বিশেষিত করা হয়েছে?**
(ক) দুঃখিনী
(খ) মায়াবী
(গ) সুখী
(ঘ) ধার্মিক।
**উত্তরঃ (ক) দুঃখিনী**

**৮। "হলেনই বা দুঃখিনী জননী"- জননী দুঃখিনী, কারণ –**
(ক) জননী অনাহারী
(খ) জননীর সাংসারিক সুখ-শান্তি নেই
(গ) জননী স্বামীর নিকট উপেক্ষিতা দুয়োরানি
(ঘ) জননী সন্তানের নিকট অবহেলিতা।
**উত্তরঃ (গ) জননী স্বামীর নিকট উপেক্ষিতা দুয়োরানি**

**৯। কবিতায় উক্ত যে 'আমি', সে কোন্ রানির সন্তান?**
(ক) পাটরানি
(খ) সুয়োরানি
(গ) দুয়োরানি
(ঘ) ছোটোরানি।
**উত্তরঃ (গ) দুয়োরানি**

Samim Sir - 9733383763

**১০। “দিগ্বিজয়ে যেতে হবে” – কাকে যেতে হবে?**
(ক) কবি-কথককে
(খ) দুয়োরানিকে
(গ) দুয়োরানির স্বামীকে
(ঘ) উপরোক্ত সবকটিই।
**উত্তরঃ (ক) কবি-কথককে**

**১১। দিগ্বিজয়- শব্দের অর্থ কী?**
(ক) রাজ্যজয়
(খ) প্রতিপক্ষকে জয় করা
(গ) চতুর্দিক বা নানা দেশ জয় করা
(ঘ) উপরোক্ত কোনোটিই নয়।
**উত্তরঃ (গ) চতুর্দিক বা নানা দেশ জয় করা**

**১২। দিগ্বিজয়ের জন্য ছিল –**
(ক) উড়ন্ত অশ্ব
(খ) সাদা অশ্ব
(গ) জাদু-অশ্ব
(ঘ) যজ্ঞাশ্ব।
**উত্তরঃ (গ) জাদু-অশ্ব**

**১৩। “দুয়োরানী দিলেন সাজিয়ে।” – দুয়োরানি কাকে সাজিয়ে দিলেন?**
(ক) রাজাকে
(খ) দিগ্বিজয়ে যাত্রাকারীকে
(গ) কোটালপুত্রকে
(ঘ) সুয়োরানির পুত্রকে।
**উত্তরঃ (খ) দিগ্বিজয়ে যাত্রাকারীকে**

**১৪। “কবচকুন্ডল নেই” – কারণ –**
(ক) জননী দুয়োরানির, কথককে কবচকুণ্ডল দেওয়ার সামর্থ্য নেই
(খ) রাজপুত্র, জননীর নিকট উপেক্ষিত
(গ) রাজপুত্রের কবচকুণ্ডল ধারণের যোগ্যতা নেই
(ঘ) রাজপুত্র কবচকুণ্ডল ধারণে অসম্মত হন।
**উত্তরঃ (ক) জননী দুয়োরানির, কথককে কবচকুণ্ডল দেওয়ার সামর্থ্য নেই**

Samim Sir - 9733383763

**১৫। 'তৃণীর' শব্দের অর্থ –**
(ক) বাণ বা শর রাখার আধার
(খ) তলোয়ার রাখার খাপ
(গ) অসিপাত্র
(ঘ) শিরস্ত্রাণ।
**উত্তরঃ (ক) বাণ বা শর রাখার আধার**

**১৬। 'শিরস্ত্রাণ' শব্দের অর্থ কি?**
(ক) মস্তকবর্ম
(খ) টায়রা
(গ) টিকলি
(ঘ) কেশতৈল।
**উত্তরঃ (ক) মস্তকবর্ম**

**১৭। "কিছুই ছিল না।" – কী ছিল না?**
(ক) কবচকুণ্ডল, ধনুক তৃণীর, শিরস্ত্রাণ
(খ) কবচকুণ্ডল
(গ) ধনুক তৃণীর
(ঘ) জাদু-অশ্ব, পক্ষীরাজ, সপ্তডিঙা।
**উত্তরঃ (ক) কবচকুণ্ডল, ধনুক তৃণীর, শিরস্ত্রাণ**

**১৮। "কিছুই ছিল না।" – শুধু ছিল –**
(ক) পক্ষীরাজ
(খ) মন্ত্রপূত তরবারি
(গ) মরুপথে যাওয়ার উট
(ঘ) আশীর্বাদি দুটি সরঞ্জাম।
**উত্তরঃ (ঘ) আশীর্বাদি দুটি সরঞ্জাম**

**১৯। "শুধু আশীর্বাদী দুটি সরঞ্জাম"-'সরঞ্জাম' দুটি হল –**
(ক) অশ্ব ও অসি
(খ) উট ও জাদু-অশ্ব
(গ) জাদু-অশ্ব ও মন্ত্রপূত অসি
(ঘ) জাদু-অশ্ব ও অসি।
**উত্তরঃ (গ) জাদু-অশ্ব ও মন্ত্রপূত অসি**

Sanim Sir - 9733383763

**২০। “এক: এই জাদু-অশ্ব” – ‘জাদু-অশ্ব’ বলার কারণ –**

(ক) অশ্বটি জাদুঘরে রাখা ছিল

(খ) অশ্বটি নানান পরিস্থিতিতে ভিন্ন ভিন্ন রূপ ধারণ করতে পারত

(গ) অশ্বটির নাম ছিল জাদু

(ঘ) অশ্বটি সকলকে মোহমায়ায় বেঁধে ফেলত।

**উত্তরঃ (খ) অশ্বটি নানান পরিস্থিতিতে ভিন্ন ভিন্ন রূপ ধারণ করতে পারত**

**২১। জাদু-অশ্বটি উটের রূপ ধারণ করে যেখানে বিচরণ করত সেই স্থানটি কবিতায় যে নামে প্রযুক্ত হয়েছে, তা হল –**

(ক) মরুপথ

(খ) মরুপ্রান্তর

(গ) মরুভূমি

(ঘ) মরূদ্যান।

**উত্তরঃ (ক) মরুপথ**

**২২। “মরুপথে সেই হয় উট”-‘সে’ কে?**

(ক) পক্ষীরাজ

(খ) সপ্তডিঙা

(গ) জাদু-অশ্ব

(ঘ) পুষ্পক।

**উত্তরঃ (গ) জাদু-অশ্ব**

**২৩। “আকাশে পুষ্পক আর সপ্তডিঙ্গা সাজে সিন্ধুজলে” – পুষ্পক কী?**

(ক) অশ্ব

(খ) ধনুক

(গ) রথ

(ঘ) দ্বীপ।

**উত্তরঃ (গ) রথ**

**২৪। পক্ষীরাজরূপে জাদু-অশ্ব কোথায় ঘুরে-ফেরে?**

(ক) তেপান্তরে

(খ) অরণ্যে

(গ) মরুপথে

(ঘ) আকাশপথে।

**উত্তরঃ (ক) তেপান্তরে**

Samim Sir - 9733383763

**২৫। 'পুষ্পক' কোথায় পাড়ি দেয়?**
(ক) দূর দেশে
(খ) অজানা দ্বীপে
(গ) তেপান্তরে
(ঘ) আকাশে।
**উত্তরঃ (ঘ) আকাশে**

**২৬। "...সপ্তডিঙ্গা সাজে সিন্ধুজলে"- 'ডিঙ্গা' শব্দটির চলিত রূপটি হল –**
(ক) ডোঙ্গী
(খ) ডিঙ্গি
(গ) ডোঙ্গা
(ঘ) ডিঙা বা ডিঙি।
**উত্তরঃ (ঘ) ডিঙা বা ডিঙি**

**২৭। সমুদ্র, সাগর ইত্যাদি শব্দের প্রতিশব্দরূপে কোন্ শব্দটি কবিতায় প্রযুক্ত হয়েছে?**
(ক) সিন্ধুর
(খ) সিন্ধি
(গ) সিন্ধু
(ঘ) সিন্ধ।
**উত্তরঃ (গ) সিন্ধু**

**২৮। 'জনশূন্য বিস্তীর্ণ প্রান্তর'-এর যে প্রতিশব্দ বা সমার্থক শব্দটি কবিতায় ব্যবহৃত হয়েছে, তা হল –**
(ক) তেপান্তর
(খ) ত্রিপ্রান্তর
(গ) তৃপান্তর
(ঘ) তেপ্রান্তর।
**উত্তরঃ (ক) তেপান্তর**

**২৯। কবিতানুসারে 'পক্ষীরাজ'-এর রূপ ধারণ করে –**
(ক) পুষ্পক
(খ) জাদু-অশ্ব
(গ) উট
(ঘ) সপ্তডিঙা।
**উত্তরঃ (খ) জাদু-অশ্ব**

Samim Sir - 9733383763

**৩০। কবিতায় জাদু-অশ্ব একটি রূপকমাত্র। এক্ষেত্রে কবিতানুসারে ‘জাদু-অশ্ব’ কার রূপক?**
(ক) প্রত্যাশা
(খ) আশীর্বাদ
(গ) ভালোবাসা
(ঘ) বিশ্বাস।
**উত্তরঃ (ঘ) বিশ্বাস।**

**৩১। পক্ষীরাজ আসলে কী?**
(ক) কাল্পনিক রথ
(খ) কাল্পনিক যুদ্ধযান
(গ) কাল্পনিক অশ্ব
(ঘ) কাল্পনিক পাখি।
**উত্তরঃ (গ) কাল্পনিক অশ্ব**

**৩২। কবিতায় উক্ত ‘জাদু-অশ্ব’-এর নাম রাখা হয়েছে –**
(ক) বিশ্বাস
(খ) ভালোবাসা
(গ) প্রত্যাশা
(ঘ) ভরসা।
**উত্তরঃ (ক) বিশ্বাস**

**৩৩। “এই হৃদয়ের খাপে ভরা”- ‘হৃদয়ের খাপে’ কী ভরা আছে?**
(ক) মন্ত্রপূত কবচ
(খ) মন্ত্রপূত অসি
(গ) মন্ত্রপূত ইস্পাতখণ্ড
(ঘ) মন্ত্রপূত কবচকুণ্ডল।
**উত্তরঃ (খ) মন্ত্রপূত অসি**

**৩৪। “এই হৃদয়ের খাপে ভরা” – হৃদয়ের খাপে বলতে বোঝানো হয়েছে**
(ক) আত্মপ্রত্যয়ী বীরত্বে পূর্ণ হৃদয়ের গভীরতা
(খ) কামনাবাসনাময় হৃদয়ের গভীরতা
(গ) ভীরু হৃদয়ের গভীরতা
(ঘ) কপট, স্বার্থান্বেষী হৃদয়ের গভীরতা।
**উত্তরঃ (ক) আত্মপ্রত্যয়ী বীরত্বে পূর্ণ হৃদয়ের গভীরতা**

Samim Sir - 9733383763

**৩৫। 'পূতঃ' শব্দের অর্থ হল –**
(ক) পবিত্র
(খ) পূজ্য
(গ) পূজিত
(ঘ) মনোবাঞ্ছা।
**উত্তরঃ (ক) পবিত্র**

**৩৬। কবিতায় উক্ত 'মন্ত্রপূতঃ অসি'-র নাম রাখা হয়েছে –**
(ক) ভালোবাসা
(খ) অভিলাষ
(গ) মনোবাসনা
(ঘ) অর্চিত।
**উত্তরঃ (ক) ভালোবাসা**

**৩৭। কবিতানুসারে 'অসি' কোথায় ভরা আছে?**
(ক) অস্ত্র রাখার খাপে
(খ) তরবারির খাপে
(গ) হৃদয়ের খাপে
(ঘ) তূণীরের খাপে।
**উত্তরঃ (গ) হৃদয়ের খাপে**

**৩৮। কবিতানুসারে 'শাণিত ইস্পাত খন্ড' বলতে কীসের প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
(ক) মন্ত্রপূত তীর
(খ) মন্ত্রপূত অসি
(গ) মন্ত্রপূত ধনুক
(ঘ) মন্ত্রপূত কবচকুণ্ডল।
**উত্তরঃ (খ) মন্ত্রপূত অসি**

**৩৯। "শাণিত ইস্পাত খন্ড।"- 'শাণিত' শব্দের অর্থ-**
(ক) অতি ধারালো বা তীক্ষ্ণ
(খ) রক্তাক্ত
(গ) বৃহৎ
(ঘ) প্রচণ্ড বা প্রখর।
**উত্তরঃ (ক) অতি ধারালো বা তীক্ষ্ণ**

Samim Sir - 9733383763

**৪০। শাণিত ইস্পাত খন্ড’ ছাড়াও মন্ত্রপূত অসির আর কোন্ বৈশিষ্ট্যসূচক শব্দ কবিতায় উল্লিখিত আছে?**

(ক) অভঙ্গ

(খ) অটুট

(গ) ক্ষণভঙ্গুর

(ঘ) অভঙ্গুর।

**উত্তরঃ (ঘ) অভঙ্গুর**

**৪১। “নিশ্চিত পৌঁছুবো...”-কে পৌঁছোবে?**

(ক) দুয়োরানি

(খ) সুয়োরানি

(গ) কবি-কথক

(ঘ) পাটরানি।

**উত্তরঃ (গ) কবি-কথক**

**৪২। “নিশ্চিত পৌঁছুবো...”- কোথায় পৌঁছোনোর কথা বলা হয়েছে?**

(ক) লাক্ষাদ্বীপে

(খ) সুমাত্রা দ্বীপে

(গ) মালয়দ্বীপে

(ঘ) খজুরের দ্বীপে।

**উত্তরঃ (ঘ) খজুরের দ্বীপে**

**৪৩। কবি-কথক কীভাবে খর্জুরের দ্বীপে পৌঁছোবেন?**

(ক) দৈহিক শক্তির সাহায্যে

(খ) মানসিক জোরের দ্বারা

(গ) অস্ত্রের আস্ফালনে

(ঘ) বিশ্বাস আর ভালোবাসার জোরে।

**উত্তরঃ (ঘ) বিশ্বাস আর ভালোবাসার জোরে**

**৪৪। ‘দিগ্বিজয়ের রূপকথা’ কবিতা অনুযায়ী মানুষের দিগ্বিজয়ী হতে প্রয়োজন-**

(ক) অর্থ ও লোকবল

(খ) জাদুমন্ত্র

(গ) ভাগ্য ও বাহুবল

(ঘ) বিশ্বাস ও ভালোবাসা।

**উত্তরঃ (ঘ) বিশ্বাস ও ভালোবাসা**

Samim Sir - 9733383763